দৈনিক ইত্তেফাক

তারিখ ...08 SEP..1989...
পৃষ্ঠা... ..72... কলাম... 1...

9

01

# প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার দাবী

( ইত্তেফাক রিপোর্ট )

বাংলাদেশ সাক্ষরতা সমিতি কালবিলম্ব না করিয়া প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার দাবী জানাইয়াছে।

১৯৯০ সালকে সাক্ষরতা বর্ষ পালনের প্রস্তুতি হিসাবে গতকাল (বৃহস্পতিবার) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতির সভাপতি মজিবুল হায়দার চৌধুরী ও সাধারণ সম্পাদক অধ্যাপক ওসমান গনি উপরোক্ত দাবী জানাইয়া বলেন, সাম্প্রতিককালে শিক্ষার হার যেভাবে কমিতেছে এ অবস্থা চলিতে থাকিলে পরবর্তী ১০ বছরে শিক্ষার হার ১৩ ভাগে নামিয়া আসিবে। বর্তমানে শিক্ষিতের হার শতকরা ২৪ ভাগ, অর্থাৎ বাংলাদেশের প্রতি ৪ জনের ৩ জনই নিরক্ষর। তাঁহারা বলেন, সরকার এবং অন্যান্য সংস্থাগুলির প্রচেষ্টা সত্ত্বেও শিক্ষার হার বাড়িতেছে না।

দুই হাজার সালের মধ্যে সকলের জন্য শিক্ষা—সরকারের এই কর্মসূচীর উল্লেখ করিয়া অধ্যাপক ওসমান গনি বলেন, এখনো বাংলাদেশের ৩২ হাজার গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নাই। তদুপরি প্রাথমিক পর্যায়ে দুইটি বিদেশী ভাষা বাধ্যতামূলক থাকার কারণে সরকারের লক্ষ্য অর্জন বাধাপ্রাপ্ত হইবে।